চুয়াডাঙ্গার দর্শনা নাস্তিপুর সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশী আহত

চুয়াডাঙ্গা জেলার দর্শনার নাস্তিপুর বাড়াদী সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশী চোরাকারবারী নবিউল ইসলাম(৫০) আহত হয়েছে।

আহত নবিউল ইসলাম দামুড়হুদা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর স্কল পাড়ার মৃত্য আব্দুল করিমের ছেলে।

বিএসএফের গুলিতে আহতের বড় ভাই শফিউল জানায়, গতকাল মঙ্গলবার (২৮মে) সন্ধার দিকে বাড়ি থেকে বের হয়ে পেঁপে বাগান দেখতে যায়। তারপর আমরা রাত ১১ টার দিকে ছররা গুলির শব্দ শুনতে পাই আমার ছোট ভাই নবিউল ইসলামকে বিএসএফ গুলি করেছে। ঐ অবস্থায় আমার ভাই প্রানে বেঁচে আসে। তারপর পরিবারের লোকজন দর্শনা প্রাইভেট হাসপাতালে নিলে সেখান থেকে ফেরত দেয়।

স্থানীয় গ্রামবাসীরা জানান, ওই দিন রাত ১১টার দিকে রবিউল বাড়াদি সীমান্তের ৭৯-৮০ পিলারের কাছ দিয়ে চোরাইপথে ভারতে প্রবেশ করে গভীররাতে ফিরে আসছিল। এ সময় বিজয়পুর ক্যাম্পের টহলরত বিএসএফের সামনে পড়লে তারা পাঁচ-ছয় রাউন্ড ছররা গুলি বর্ষণ করে। বিএসএফের ছোড়া গুলিতে রবিউল হোসেন মারাত্বক আহত হয়। গুলি লাগা অবস্থায় সীমান্তপার হয়ে বাংলাদেশে চলে আসে। পরে পরিবারের লোকজন তাকে বুধবার ভোরে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

এ ঘটনায় দামুড়হুদা সার্কেল এ এসপি জাকিয়া সুলতানা ও দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা ঘটনাস্থল পরিদর্শন করেছে।

তবে এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, বাড়াদি সীমান্তবর্তি গ্রাম এলাকা পরিদর্শন করেছি। গ্রাম ও এলাকাবাসী জানালেন ওই দিন গভীররাতে বেশ কয়েক রাউন্ড গুলির শব্দ শোনা গেছে তবে নবিউল ইসলাম কোথায় চিকিৎসা নিচ্ছে সে বিষয়ে পরিবারের লোক মুখ খোলেনী।

এ ঘটনার বিষয়ে চুয়াডাঙ্গা-৬ বিজিবির ব্যাটেলিয়নের উপ-অধিনায়ক জানান, আমরা বিষয়টি শুনেছি তবে খোঁজখবর নিয়ে দেখি, তারপর জানাব।